দৈনিক
ইত্তেফাক

তারিখ 05 JUL 2010
পৃষ্ঠা ১২ কলাম ২

# বিবিএস ডিগ্রির নাম বিবিএ করার দাবিতে কয়েক লাখ শিক্ষার্থীর আন্দোলন শুরু

■ মাহবুবুর রহমান জুয়েল

ডিগ্রি নিয়ে বৈষম্যের প্রতিবাদে আন্দোলন শুরু করেছে জাতীয় বিশ্ববিদ্যালয়ভুক্ত বিভিন্ন বাণিজ্য অনুষদের কয়েক লাখ শিক্ষার্থী। নতুন চালু হওয়া সিলেবাসে বাণিজ্য অনুষদভুক্ত বিষয়গুলোর ক্ষেত্রেও ব্যাপক পরিবর্তন এনে পাবলিক বিশ্ববিদ্যালয়ের প্রায় সমান করা হলেও নাম পরিবর্তন না করায় এই আন্দোলন। শিক্ষার্থীরা বলছেন, চাকুরি ক্ষেত্রে যেখানে বিবিএ ডিগ্রির কোন বিকল্প নেই বললেই চলে, সেখানে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে বাণিজ্য অনুষদ থেকে পাস করা শিক্ষার্থীদের 'বিবিএস' নামের ডিগ্রি প্রদান তাদের শিক্ষা জীবন ধ্বংসের পাঁয়তারার শামিল। বর্তমানে জাতীয় বিশ্ববিদ্যালয় বাণিজ্য অনুষদভুক্ত বিষয় থেকে অনার্স ও মাস্টার্স পাসের ক্ষেত্রে বিবিএস ও এমবিএস ডিগ্রি প্রদান করা হয়ে থাকে।

২০০৯-২০১০ শিক্ষাবর্ষ থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ে অনার্স সিলেবাসে পরিবর্তন আনা হয়। এতে বাণিজ্য অনুষদভুক্ত বিষয়গুলোর ক্ষেত্রে ব্যাপক পরিবর্তন এনে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য অনুষদভুক্ত বিষয়ের সমান করা হয়। এই প্রেক্ষাপটে বাণিজ্য বিভাগের শিক্ষার্থীরা ডিগ্রির নাম পরিবর্তন করে বিবিএ ও এমবিএ করার দাবি জানান। এ দাবিতে ঐক্যবদ্ধ হয় ঢাকা কলেজ, তিতুমীর কলেজ, ইডেন কলেজ, বাঙলা কলেজ, সোহরাওয়ার্দী কলেজ, কবি নজরুল কলেজ, টঙ্গী সরকারি কলেজ, তোলারাম কলেজ, ভাওয়াল বদরে আলম কলেজ। তারা গঠন করে ন্যাশনাল ইউনিভার্সিটি বিজনেস ফ্যাকাল্টি স্টুডেন্টস রাইটস মুভমেন্ট নামে একটি সংগঠন।

সংগঠনটির পক্ষ থেকে ইতোমধ্যেই পৃথক পৃথকভাবে উপাচার্যকে স্মারকলিপি প্রদান করা হয়েছে। গতকাল রবিবার জাতীয় প্রেসক্লাবে মানববন্ধন ▶ এরপর পৃষ্ঠা ১১ কলাম ৬

## বিবিএস ডিগ্রীর নাম

১২ পৃষ্ঠার পর

পালন করা হয়েছে। স্মারকলিপি প্রদান করা হয়েছে শিক্ষামন্ত্রীর বরাবর।

সংগঠনের সভাপতি ঢাকা কলেজের শিক্ষার্থী তন্ময় সাহা ইত্তেফাককে বলেন, কর্তৃপক্ষের অবহেলার কারণে পরিবর্তন হচ্ছে না বিশ্ববিদ্যালয়ের ডিগ্রির। অথচ বেসরকারি বিশ্ববিদ্যালয়ের বিবিএ ও এমবিএর সিলেবাসের চেয়ে অনেক বেশি মানসম্মত জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিবিএ ও এমবিএ সিলেবাস। তিনি বলেন, ঢাকা, জাহাঙ্গীরনগর, রাজশাহী, জগন্নাথ বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের প্রায় অভিন্ন শিক্ষাক্রম অনুসরণ করলেও জাতীয় বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য শাখার শিক্ষার্থীরা পাচ্ছে না বিবিএ ও এমবিএ ডিগ্রি।

স্টুডেন্টস রাইটস মুভমেন্ট-এর নেতৃবৃন্দ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য অনুষদের বিভিন্ন বিভাগের সিলেবাস পর্যালোচনা করে নতুন সিলেবাসের বৈষম্যের কথা তুলে ধরে বলেন, ঢাবির হিসাব বিজ্ঞান বিভাগ ও জাবির হিসাব বিজ্ঞান বিভাগের সিলেবাস প্রায় একই। যেমন-জাতীয় বিশ্ববিদ্যালয়ে আছে 'ইন্ট্রোডাকশন অব বিজনেস', তেমনি ঢাকা বিশ্ববিদ্যালয়েও আছে ইন্ট্রোডাকশন অব বিজনেস। জাবিতে আছে 'প্রিন্সিপল অব এ্যাকাউন্টিং', ঢাবিতে আছে 'প্রিন্সিপল অব একাউন্টিং-১,২'। জাবিতে আছে 'বিজনেস ম্যাথমেটিকস' ঢাবিতেও তাই আছে। জাবিতে আছে 'প্রিন্সিপ্যাল অব ম্যানেজমেন্ট', ঢাবিতে আছে ফাউন্ডেশন অব ম্যানেজমেন্ট। দুই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরাই পড়ছে 'বিজনেস ল'।

এ বিষয়ে জানতে চাইলে ২০০৯-১০ শিক্ষাবর্ষের কারিকুলাম প্রণয়ন কমিটির অন্যতম সদস্য ড. বিন কাসেম ইত্তেফাককে বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষও বিষয়টি নিয়ে পজেটিভভাবে অগ্রসর হচ্ছে। ডিগ্রির নাম পরিবর্তনের ক্ষেত্রে তেমন কোন সমস্যা নেই বলেও জানান তিনি।

আজ সোমবার শিক্ষার্থীরা স্ব স্ব কলেজ ক্যাম্পাসে পালন করবে বিক্ষোভ কর্মসূচি। ৬ জুলাই আন্দোলনরত শিক্ষার্থীরা জাতীয় বিশ্ববিদ্যালয় অভিমুখে অবরোধ কর্মসূচি পালন করবে। ১০ জুলাই অবরোধ কর্মসূচি পালন করা হবে শাহবাগে।